Times Today BD

ইমরান হোসেন রাজ | রাজশাহী | 02 May, 2025

যশোরে কিশোর কণ্ঠ ফাউন্ডেশনের উদ্যোগে কিশোর কণ্ঠ মেধা বৃত্তি-২৪ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকালে শহরের পৌর পার্ক এলাকায় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫৬ জন মেধাবী ছাত্র ও ছাত্রীকে তাদের অসাধারণ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ এই মেধাবৃত্তি প্রদান করা হয়।

কিশোর কণ্ঠ ফাউন্ডেশন যশোরের চেয়ারম্যান আহমেদ ইব্রাহিম শামীমের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কিশোর কণ্ঠ ফাউন্ডেশন যশোরের অন্যতম প্রধান উপদেষ্টা অধ্যাপক গোলাম কুদ্দুস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন কিশোর কণ্ঠ ফাউন্ডেশন যশোরের অন্যতম উপদেষ্টা ও সাবেক চেয়ারম্যান অধ্যাপক শামসুজ্জামান, সহকারী পরিচালক উবায়দুল্লাহ হুসাইন, সাহিত্য সচিব তৌহিদুজ্জামান এবং শিক্ষা সচিব মুজাহিদ তামিমসহ কিশোর কণ্ঠ ফাউন্ডেশনের বিভিন্ন স্তরের সদস্যবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক গোলাম কুদ্দুস বলেন, কিশোর কণ্ঠ ফাউন্ডেশন তরুণদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছে।আমরা বিশ্বাস করি এই ফাউন্ডেশনের মাধ্যমে আমাদের শিশু কিশোররা মেধাভিত্তিক জ্ঞান চর্চা করতে পারবে এবং একজন প্রকৃত দেশপ্রেমিক মানুষ হিসেবে তারা নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক শামসুজ্জামান কিশোর কণ্ঠ ফাউন্ডেশনের দীর্ঘ পথচলার কথা তুলে ধরেন। তিনি বলেন, এই প্রতিষ্ঠানটি শিশু-কিশোর থেকে শুরু করে

প্রাপ্তবয়স্ক ছাত্র-অছাত্র সকলেরই ভালোবাসা ও আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে।তিনি আরও উল্লেখ করেন যে, নতুন প্রজন্মকে মেধা ও নৈতিকতার সমন্বয়ে গড়ে তোলার জন্য কিশোর কণ্ঠ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

উল্লেখ্য, গত বছর ১৩ই ডিসেম্বর যশোর শহরের বিভিন্ন স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের সর্বমোট ১০৪২ জন শিক্ষার্থী এই বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন। তাদের মধ্যে অসাধারণ মেধার পরিচয় দিয়ে ৫৬ জন শিক্ষার্থী চূড়ান্তভাবে উত্তীর্ণ হন। এদের মধ্যে ৩৬ জন শিক্ষার্থীকে সাধারণ গ্রেডে এবং ২০ জন শিক্ষার্থীকে ট্যালেন্টপুলে বৃত্তি প্রদান করা হয়।

মেধা বৃত্তি শিক্ষার্থী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:04

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/1765775807